# ঢাকা, যশোর, দিনাজপুর, সিলেট বোর্ড-২০১৮

## ইতিহাস: প্রথম পত্র

সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ৩ | ০ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ► 'ক' রাজ্যের শাসকের জামাতা অল্প বয়সে মারা গেলে তার নাবালক পুত্র করিম শাহ মাতামহের আদরে পালিত হয়। মাতামহ মারা যাওয়ার পর করিম শাহ শাসনভার গ্রহণ করেন। ফলে তার আত্মীয়-স্বজন, কর্মচারীরা ষড়যন্ত্র শুরু করে। তিনি এদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করতে পারেননি। যার ফলে ষড়যন্ত্রকারীরা সফল হয়, তিনি পরাজিত ও নিহত হন।

ক. ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন কে? ১

খ. ভারতবর্ষে ইউরোপীয়দের আগমনের কারণ কী কী? ২

গ. উদ্দীপকের করিম শাহের চরিত্রের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন শাসকের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের করিম শাহের যেভাবে পতন হয় তোমার পাঠ্যবইয়ের নবাবের পতন কি একইভাবে হয়েছিল? বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

২. ► অমল কৃষ্ণ মণ্ডল 'ক' অঞ্চলের প্রশাসক হয়ে আসার পর তিনি তার এলাকার কুসংস্কার, অশিক্ষা দূর করার জন্য এলাকার অধিবাসীদের সচেতন করে তোলেন। ছিনতাইকারী ও ঠগবাজদের কঠোর শাস্তির ব্যবস্থা করেন। ফলে এলাকায় শান্তি ফিরে আসে।

ক. বাঁশের কেল্লা কে নির্মাণ করেন? ১

খ. সূর্যাস্ত আইন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের অমল কৃষ্ণ মণ্ডলের সাথে তোমার পাঠ্যবইয়ের ইংরেজ কোন শাসকের মিল আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "তৎকালীন সমাজের কুসংস্কার দূরীকরণের জন্য উক্ত শাসক স্মরণীয়"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩. ► বাংলার ইতিহাসে সংসারত্যাগী সাধক মানুষের বসবাস দীর্ঘ দিনের। হিন্দু, মুসলিম দুই সম্প্রদায়ে এ ধরনের লোকজন দেখা যায়। এ সময় তারা সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সোচ্চার হয় এবং ব্যাপক আন্দোলন গড়ে তোলে।

https://teachingbd24.com

ক. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কবে বাংলার দেওয়ানি লাভ করে? ১

খ. দ্বৈত শাসন কী? সংক্ষেপে লেখ। ২

গ. উদ্দীপকে যে আন্দোলনের প্রতিচ্ছবি তুলে ধরা হয়েছে পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, 'এই আন্দোলন পরবর্তী ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের পথ প্রদর্শক'— মতামত দাও। ৪

৪. ▶ নিচের ছকটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

১৭৫৭ খ্রি. → পলাশীর যুদ্ধ → ১৮৫৭ খ্রি. → ?

ক. বক্সারের যুদ্ধ কবে সংঘটিত হয়? ১

খ. স্বত্ববিলোপ নীতি কী? ২

গ. ছকের প্রশ্নবোধক স্থানের বিষয়টি সামরিক অসন্তোষের কারণ ছিল— ব্যাখ্যা কর। ৩

ঘ. বিষয়টি ভারতীয় শাসনব্যবস্থায় কী পরিবর্তন এনেছিল— পাঠ্যপুস্তকের আলোকে যথার্থতা বিচার কর। ৪

Teachingbd24.com

৫. ▶ দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরাজিত জার্মানীকে দুভাগে ভাগ করে পূর্ব ও পশ্চিম জার্মানী করা হয়। পূর্ব জার্মানীতে সমাজতান্ত্রিক মতাদর্শের সরকার এবং পশ্চিম জার্মানীতে পুঁজিবাদের মতাদর্শের সরকার গঠিত হয়। ১৯৮৯ সালে সমাজতান্ত্রিক মতবাদের পতন হলে আবার দুই জার্মানীকে একত্রিত করা হয়?

ক. মহাত্মা গান্ধীর পুরো নাম কী? ১

খ. খিলাফত আন্দোলন কী? ২

গ. উদ্দীপকের ঘটনার সাথে পাঠ্যবইয়ের কোন ঘটনার সাদৃশ্য আছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'Divide and Rule' ব্রিটিশ শাসকদের কৌশল— পাঠ্যবইয়ের নিরিখে এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৬. ▶ আজকাল ছাত্র-ছাত্রীরা বাংলার সাথে ইংরেজি ও হিন্দি মিশিয়ে কথাবার্তা আদান-প্রদান করছে। ভাষার এ দুরবস্থা দেখে শিক্ষক মহোদয় দুঃখ করে শ্রেণিকক্ষে বললেন, এই বাংলা ভাষার মর্যাদার দাবিতে কত মানুষ প্রাণ দিয়েছে। সবার উচিত এই ভাষার মর্যাদা সমুন্নত রাখা।

ক. তমদ্দুন মজলিশ প্রতিষ্ঠিত হয় কত সালে? ১

খ. ১৯৫৪ খ্রিস্টাব্দের নির্বাচনের ফল কী হয়েছিল? ২

গ. উদ্দীপকের শিক্ষক মহোদয়ের বক্তব্যে কোন আন্দোলনের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উক্ত আন্দোলন ছিল স্বাধীনতা আন্দোলনের পথ প্রদর্শক— তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৭. ▶

| বিভাগ | পশ্চিম পাকিস্তান | পূর্ব পাকিস্তান |
|---|---|---|
| স্থল বাহিনী | ৯৫% | ৫% |
| নৌবাহিনী | ৮১% | ১৯% |
| বিমান বাহিনী | ৯১% | ৯% |

ক. কোন চুক্তির মাধ্যমে পাক-ভারত যুদ্ধের অবসান হয়? ১

খ. কোন কোন দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? ২

গ. উদ্দীপকের ছকটিতে পূর্ব পাকিস্তানের প্রতি যে বৈষম্য দেখানো হয়েছে তার আলোকে অর্থনৈতিক বৈষম্য বর্ণনা কর। ৩

ঘ. এই সকল বৈষম্যই কি স্বাধিকার আন্দোলনের একমাত্র কারণ— বিশ্লেষণ কর। ৪

৮. ▶ আমেরিকার প্রেসিডেন্ট আব্রাহাম লিংকন গেটিসবার্গ-এর ভাষণে বলেন, 'The Govenment of the people, by the people, for the people'। এটি একটি কালজয়ী ভাষণ, যা চিরস্মরণীয় হয়ে আছে।

ক. আগরতলা মামলায় কতজন আসামী ছিলেন? ১

খ. ১৯৭০ সালের নির্বাচনের ফলাফল বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের উক্ত ভাষণের সাথে কোন বাঙালি নেতার ভাষণের মিল আছে? উক্ত ভাষণটির উল্লেখযোগ্য অংশটুকু তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে তোমার পঠিত ভাষণের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৯. ▶




Teachingbd24.com

https://teachingbd24.com

ক. বাংলাদেশের মুক্তিযুদ্ধ কত মাস স্থায়ী হয়েছিল? ১

খ. মৌলিক গণতন্ত্র বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কাঠামোটি কোন সরকারের? উক্ত সরকারের কার্যাবলি আলোচনা কর। ৩

ঘ. স্বাধীনতা যুদ্ধে এই সরকারের সঠিক নেতৃত্ব মূল্যায়ন কর। ৪

১০. ► স্বাধীনতা যুদ্ধের প্রেক্ষাপটের উপর টেলিভিশনে একটি নাটিক হচ্ছিল। এই নাটিকে নিয়মিত বাহিনীর সাথে অনেক অনিয়মিত বাহিনী যুদ্ধে অংশগ্রহণ করে। শত্রুদের সাথে উভয়ে যুদ্ধ করে দেশকে শত্রুমুক্ত করে স্বাধীনতা অর্জন করে।

ক. মুক্তিযুদ্ধের সময় সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক কে ছিলেন? ১

খ. মুক্তিযুদ্ধে গেরিলা বাহিনীর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকে দেখানো ঘটনার সাথে পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল আছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বিভিন্ন বাহিনী যেভাবে যুদ্ধ পরিচালনা করেছে এমনইভাবে পাঠ্যবইয়ে যৌথবাহিনীর যুদ্ধ পরিচালনার ঘটনা বিশ্লেষণ কর। ৪

১১. ► মায়ানমার সেনাবাহিনীর অত্যাচার ও নিপীড়নের কারণে মুসলমান রোহিঙ্গা জনগোষ্ঠী বাংলাদেশে শরণার্থী শিবিরে আশ্রয় গ্রহণ করছে। বাংলাদেশ সরকার সাধ্যমত তাদের সাহায্য ও সহযোগিতা করছে। এছাড়াও বন্ধুপ্রতীম অনেক দেশ সাহায্য অব্যাহত রেখেছে।

ক. জর্জ হ্যারিসন কে ছিলেন? ১

খ. ইন্দিরা গান্ধীর পরিচয় দাও। ২

গ. উদ্দীপকের মতো তোমার পাঠ্যবইয়ে কোন কোন দেশ বাংলাদেশকে সহযোগিতা করেছিল— ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত দেশের সহযোগিতামূলক কর্মকাণ্ডই বাংলাদেশের বিজয়কে ত্বরান্বিত করে তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

# ইতিহাস প্রথম পত্র

বিষয় কোড | ৩ | ০ | ৪ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ইংরেজরা কত সালে ভারতে আসে?
ক) ১৬০০ খ) ১৬০৮
গ) ১৬১০ ঘ) ১৬১২

২. পলাশীর যুদ্ধে নবাবের পরাজয়ের প্রধান কারণ—
ক) মীরজাফরের বিশ্বাসঘাতকতা
খ) নবাবের অযোগ্যতা
গ) লর্ড ক্লাইভের রণকৌশল
ঘ) নবাবের সেনাবাহিনীর দুর্বলতা

৩. নবাব সিরাজ-উদ-দৌলার খালার নাম কী?
ক) আমেনা বেগম খ) খাদিজা বেগম
গ) ফিরোজা বেগম ঘ) ঘসেটি বেগম

৪. বক্সারের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
ক) ১৭৫৭ খ) ১৭৬৪
গ) ১৭৬৫ ঘ) ১৭৭২

উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:
অপুত্রক পপি মিয়া ছোট বোনের ছেলে ভরসাকে খুব ভালোবাসতেন। এক পর্যায়ে তিনি তার ভালো জমিগুলো ভরসার নামে লিখে দেন। ফলে পপি মিয়ার অন্য স্বজনরা তার প্রতি অসন্তুষ্ট হন।

৫. উদ্দীপকের পপি মিয়ার সাথে নিচের কোন নবাবের মিল আছে?
ক) শায়েস্তা খান খ) মুর্শিদকুলী খান
গ) সরফরাজ খান ঘ) আলীবর্দী খান

৬. উদ্দীপকের ভরসা বলতে যাকে বুঝানো হয়েছে—
ক) শওকত জং খ) নাজিম-উদ-দৌলা
গ) সিরাজ-উদ-দৌলা ঘ) সুজা-উদ-দৌলা

৭. পলাশীর যুদ্ধে নবাবের পক্ষে প্রাণপণ যুদ্ধ করেন—
i. মীর মদন
ii. মোহনলাল iii. মীর মিরন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:
তোমার পাঠ্যবইয়ের একজন শাসক দুঃখ করে বলেন, "আমি আমার সর্বস্ব দিয়েছিলাম কিন্তু বিনিময়ে তোমরা দিলে লাঞ্ছনা, অপমান আর অভিশংসনের জীবন"।

৮. উদ্দীপকের উক্তিটি নিচের কোন ব্রিটিশ শাসকের?
ক) লর্ড ওয়েলেসলি খ) ওয়ারেন হেস্টিংস
গ) লর্ড বেন্টিংক ঘ) লর্ড ডালহৌসি

৯. উক্ত শাসক যে কারণে অভিশংসনের শিকার হন—
i. দ্বৈত শাসন প্রবর্তনের জন্য
ii. উৎকোচ গ্রহণ নিষিদ্ধ ঘোষণার জন্য
iii. অযোধ্যার বেগমদের প্রতি অবিচার
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. ছিয়াত্তরের মন্বন্তর কত খ্রিষ্টাব্দে হয়?
ক) ১৭৭০ খ) ১৭৭২
গ) ১৭৭৩ ঘ) ১৭৭৪

১১. বিচার বিভাগকে শাসন বিভাগ থেকে পৃথক করেছিলেন কে?
ক) লর্ড ক্লাইভ
খ) লর্ড কর্নওয়ালিস
গ) লর্ড ওয়ারেন হেস্টিংস
ঘ) লর্ড ডালহৌসি

উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশে প্রতিষ্ঠিত একটি বিদেশি কোম্পানির কর্মচারীদের দুপুরের খাবারে শূকরের মাংস সরবরাহ করা হয় বলে অভিযোগ পাওয়া যায়। এই সংবাদে দেশীয় কর্মচারীরা ক্ষিপ্ত হয় এবং বিদ্রোহ করে।

১২. উদ্দীপকের ঘটনার সাথে পাঠ্যবইয়ের কোন বিদ্রোহের মিল আছে?
ক) নীল বিদ্রোহ খ) কৃষক বিদ্রোহ
গ) সিপাহি বিদ্রোহ ঘ) সাঁওতাল বিদ্রোহ

১৩. উক্ত বিদ্রোহ কত সালে সংঘটিত হয়?
ক) ১৭৫৭ খ) ১৮৪৫
গ) ১৮৫৭ ঘ) ১৮৬০

১৪. ভারতে সর্বপ্রথম রেলপথ প্রবর্তন করেন কে?
ক) লর্ড হেস্টিংস খ) লর্ড ডালহৌসি
গ) লর্ড কর্নওয়ালিস ঘ) লর্ড ওয়েলেসলি

১৫. মুসলিম লীগের উদ্দেশ্য হলো—
i. ব্রিটিশদের বিরোধিতা করা
ii. ব্রিটিশদের প্রতি আনুগত্য পোষণ করা
iii. মুসলমানদের স্বার্থসংরক্ষণ করা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠাতা কে?
ক) মহাত্মা গান্ধী
খ) জওহরলাল নেহেরু
গ) এ্যালান অক্টাভিয়ান হিউম
ঘ) লর্ড ডাফরিন

https://teachingbd24.com

১৭. ভারতে ব্রিটিশ শাসকদের মধ্যে উদারপন্থী ছিলেন—
i. লর্ড বেন্টিংক
ii. লর্ড ডালহৌসি iii. লর্ড রিপন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
ভোর বেলায় ফুল হাতে খালি পায়ে দাদু নাতিকে নিয়ে স্কুল মাঠে যাচ্ছে।

১৮. উদ্দীপকটি নিচের কোন দিবসের কথা স্মরণ করিয়ে দেয়?
ক ১০ জানুয়ারি খ ২১ ফেব্রুয়ারি
গ ২৬ মার্চ ঘ ১৬ ডিসেম্বর

১৯. উক্ত দিবসটি নিচের কোন সালের সাথে সম্পর্কিত?
ক ১৯৪০ খ ১৯৪৭
গ ১৯৫২ ঘ ১৯৭১

২০. পাকিস্তান রাষ্ট্রের জন্ম হয়—
ক দ্বি-জাতি তত্ত্বের ভিত্তিতে
খ লাহোর প্রস্তাবের ভিত্তিতে
গ দিল্লি কনভেনশনের ভিত্তিতে
ঘ চৌদ্দ দফার ভিত্তিতে

২১. ১৯৫২ সালে ভাষা আন্দোলনে নারীরা সাহায্য করেছেন—
i. খাদ্য সরবরাহ করে
ii. আহতদের চিকিৎসা সেবা দিয়ে
iii. বাড়ি বাড়ি চাঁদা তুলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ iii ঘ i, ii ও iii

২২. জেলের তালা ভাঙব শেখ মুজিবকে আনব-এ স্লোগানটি—
ক ১৯৫২ সালের ভাষা আন্দোলনের
খ ১৯৬২ এর ছাত্র আন্দোলনের
গ ১৯৬৯ এর গণ আন্দোলনের
ঘ ১৯৭১ এর মুক্তি আন্দোলনের

২৩. ছয় দফা দাবি কোথায় উত্থাপিত হয়?
ক লাহোরে খ ঢাকায়
গ করাচিতে ঘ ইসলামাবাদে

উদ্দীপকটি পড় এবং ২৪নং প্রশ্নের উত্তর দাও:
গণতন্ত্রের পথিকৃৎ আব্রাহাম লিংকনের ভাষণ 'The government of the People...' বিশ্বের কালজয়ী ভাষণগুলোর মধ্যে অন্যতম।

২৪. উদ্দীপকের ভাষণের সাথে কোন তারিখের ভাষণের মিল আছে?
ক ১০ জানুয়ারি খ ৭ মার্চ
গ ২৬ মার্চ ঘ ১৬ ডিসেম্বর

২৫. মুক্তিযুদ্ধে 'বীর উত্তম' খেতাবপ্রাপ্ত একমাত্র বেসামরিক ব্যক্তিটি কে?
ক মোস্তফা কামাল
খ লতিফ মীর্জা
গ আব্দুল হালিম
ঘ আবদুল কাদের সিদ্দিকী

২৬. ক্যাপ্টেন এম মনসুর আলী মুজিবনগর সরকারের যেসব মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন—
i. অর্থ
ii. বাণিজ্য
iii. যোগাযোগ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. মুক্তিযুদ্ধে অবদানের জন্য বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত—
ক ডা. জাহানারা
খ ডা. সাহানারা
গ তারামন বিবি
ঘ নূরজাহান বিবি

২৮. মুজিবনগর সরকারের উপ-রাষ্ট্রপতির নাম কি?
ক সৈয়দ নজরুল ইসলাম
খ তাজউদ্দীন আহমেদ
গ খন্দকার মোশতাক আহমেদ
ঘ ক্যাপ্টেন এম মনসুর আলী

২৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে অবস্থান নেওয়া দেশ হলো—
i. মার্কিন যুক্তরাষ্ট্র
ii. ভারত
iii. সোভিয়েত ইউনিয়ন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. পাকিস্তান সেনাবাহিনী কত তারিখে আত্মসমর্পণ করে?
ক ১৪ আগস্ট খ ২১ ফেব্রুয়ারি
গ ২৬ মার্চ ঘ ১৬ ডিসেম্বর

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com